

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-১ অধিশাখা
www.mefwd.gov.bd

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০১৮.২০-১৪১

তারিখঃ-১৮/০৫/২০২০ খ্রি.

বিষয়ঃ নেত্রকোনা মেডিকেল কলেজ, নেত্রকোনা এর আউটসোর্সিং এর মাধ্যমে সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন।


সূত্রঃ নেমেক/২০২০/৫৮ তারিখঃ ০৮/০২/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে এবং ব্যয় ব্যবস্থাপনা-৬ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৩/০৫/২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৫৬.১৫.০২৫.২০-২৬১ নং স্মারকের সম্মতিক্রমে নেত্রকোনা মেডিকেল কলেজ, নেত্রকোনা এর নিম্ন বর্ণিত সেবা নিম্নোক্ত শর্তে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ এর ৩(২) অনুচ্ছেদ অনুসারে সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হল।

সেবার ক্যাটাগরি	সেবা কর্মীর সংখ্যা
ক্যাটাগরি-১	ইলেকট্রিশিয়ান-০২
ক্যাটাগরি-৪	মালী-০১, বাবুটি-০২
ক্যাটাগরি-৫	সহকারী বাবুটি-০২, নিরাপত্তা প্রহরী-১০, পরিচ্ছন্নতাকর্মী-১৩, প্লাম্বার-০১, ল্যাব এ্যাটেন্ডেন্ট-০৪, লাইব্রেরী এ্যাটেন্ডেন্ট-০২, আয়া-০১, ম্যাসেজার-০১, ডোম-০১
মোট=	৪১

শর্তাবলীঃ

- (১) সেবা ক্রয়কারী, আউটসোর্সিং এর জন্য নির্ধারিত সেবাসমূহ সম্পাদনের জন্য সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ অনুসরণপূর্বক সেবা গ্রহণ করবে;
- (২) অনুমোদিত সেবা ও সেবাকর্মীর অতিরিক্ত কোন সেবা ক্রয় করা যাবেনা;
- (৩) আউটসোর্সিংয়ের জন্য নির্ধারিত সেবাসমূহ প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা অনুসরণপূর্বক সেবাক্রয় করতে হবে;
- (৪) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর শারীরিক সক্ষমতা থাকতে হবে;
- (৫) সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;
- (৬) সরকারি তহবিল দ্বারা আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর ক্যাটাগরি, সংখ্যা ও যোগ্যতা সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ নির্ধারণ করবে;
- (৭) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারী ব্যক্তির বয়সসীমা ১৮-৬০ বছর হবে;
- (৮) অর্থ বিভাগের পরিপত্র নং ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯.২৫৯ তাং-১০/০৬/২০১৯ অনুযায়ী জনপ্রতি সেবামূল্য নির্ধারণ করতে হবে;
- (৯) সেবাকর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% এর কম হবে না;
- (১০) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীঃ ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- (১১) পরিচ্ছন্নতাকর্মীর আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে;
- (১২) জনবল পূরণের ১৫ দিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করতে হবে।
- (১৩) আউটসোর্সিং এর জন্য সম্মতিকৃত সেবাসমূহের মধ্যে রাজস্বখাতভুক্ত পদ থাকলে তা বিলুপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।



(মোহাম্মদ মোহসীন উদ্দিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৬০৫১

email-per1@mefwd.gov.bd

অধ্যক্ষ

নেত্রকোনা মেডিকেল কলেজ

নেত্রকোনা।

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০১৮.২০-১৪১/১(৬)

তারিখঃ ১৮/০৫/২০২০ খ্রি.

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। মহাপরিচালক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৬। যুগ্মসচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।